



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭  
www.techedu.gov.bd



H/A  
২২/১২/২০২২

তারিখঃ ২২/১২/২০২২ খ্রি.

স্মারক নং-৫৭.০৩.০০০০.০১৩.৫৫.৬১৭.২২-৬৯৪  
২৭/১২/২০২২

বিষয়: ভারত সরকারের Indian Technical and Economic Cooperation (ITEC) প্রোগ্রামের অধীনে জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৩ মেয়াদের জন্য বিভিন্ন কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে

সূত্র: ১। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং: ৫৭.০০.০০০০.০৫২.২৫.০০৬.২২.১৭৫, তারিখ: ১৪/১২/২০২২  
২। ভারতীয় হাই কমিশনের স্মারক নং: DAC/E&C/233/01/2022, তারিখ: ০৭/১২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভারতীয় হাই কমিশন হতে Indian Technical and Economic Cooperation (ITEC) এর অধীনে ২০২২-২৩ অর্থবছরে অনুষ্ঠিতব্য স্বল্প মেয়াদী বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন করার অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকবৃন্দের মধ্যে উল্লিখিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্রের ক্রমিক নং-২ এ বর্ণিত যোগ্যতা অনুযায়ী ইচ্ছুক প্রার্থীদের <https://www.sjsdhaka.gov.in> লিংকে গিয়ে আবেদন করার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

২২-১২-২২

(প্রকৌ. মোঃ আক্তারউজ্জামান)  
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (টিটিটিসি), তেজগাঁও, ঢাকা।
৩. অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (ভিটিটিআই), বগুড়া।
৪. অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)।
৫. অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
৬. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [পত্রটি ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ]।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২৭/১২/২২  
২৭/১২/২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি শাখা-০২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫২.২৫.০০৬.২২.১৭৫

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯

১৪ ডিসেম্বর ২০২২

বিষয়: ভারত সরকার Indian Technical and Economic Cooperation (ITEC) (On-campus/Physical) courses during the months of January and February. 2023.

সূত্র: HCI no.-DAC/E&C/233/01/2022, তারিখঃ ০৭ ডিসেম্বর খ্রিঃাব্দ।

উপর্যুক্ত বিষয়ে ভারতীয় হাই কমিশন, ঢাকা হতে ভারত সরকার Indian Technical and Economic Cooperation (ITEC) (On-campus/Physical) courses during the months of January and February. 2023 সালে অনুষ্ঠিতব্য স্বল্প মেয়াদী বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সিডিউল ও রেজিস্ট্রেশন প্রক্রিয়া প্রেরণ করা হয়েছে (সংযুক্তি-১ (7481/potrojariAttachmentRef/33539/0/4337), ২ (7482/potrojariAttachmentRef/33539/0/4337), ৩ (7485/potrojariAttachmentRef/33539/0/4337))।

২। Indian Technical and Economic Cooperation (ITEC) হলো দক্ষতা বৃদ্ধি, মানব সম্পদ উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধির জন্য ভারত সরকারের স্ল্যাগশিপ প্রোগ্রাম। আইটিইসি কোর্সটি কর্মরত পেশাদারদের জন্য, সরকারি/পাবলিক সেক্টর/বিশ্ববিদ্যালয়/চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে চাকরিরতদের চাকরির বয়স কমপক্ষে ০৫ (পাঁচ) বছর, বয়স ২৫ হতে ৪৫ বছর, ইংরেজিতে পারদর্শী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। মিশনের তালিকাভুক্ত হাসপাতাল (অ্যাপোলো/ইউনাইটেড/বনানী হাসপাতাল) থেকে অথবা একজন প্যানেল ডাক্তারের কাছ থেকে একটি মেডিকেল ফিটনেস প্রত্যয়ন আছে এবং যারা এখনও ITEC কলম্বো প্ল্যান বা বিশেষ কোর্সের অধীনে প্রশিক্ষণ গ্রহণ করেননি।

৩। আগ্রহী প্রার্থীদের সেকেন্ড সেক্রেটারি (শিক্ষা), ভারতীয় হাইকমিশন, ঢাকায় জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট এবং শিক্ষাগত সনদ পত্রের কপি সহ যোগাযোগের জন্য অনুরোধ জানানো হয়েছে। কোর্স ফি, বিমান ভাড়া, আবাসন এবং বসবাসের ভাতা সহ ট্রেনিং প্রোগ্রামের সম্পূর্ণ খরচ ভারত সরকারের বিদেশ মন্ত্রণালয় বহন করবে।

৪। আগ্রহী প্রার্থীগণ কোর্সটির জন্য ওয়েবসাইট/লিংক <https://www.sjsdhaka.gov.in>-এ লগ ইন করতে পারবেন এবং অনলাইনে ITEC আবেদন জমা দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন। এছাড়াও প্রয়োজনে ভারতীয় হাই কমিশন, ঢাকার সাথে ই-মেইলে ([itec.dhaka@mea.gov.in](mailto:itec.dhaka@mea.gov.in)) যোগাযোগ করতে পারবেন।

৫। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে ভারত সরকারের Indian Technical and Economic Cooperation (ITEC) প্রোগ্রামের অধীনে ২০২২-২০২৩ সালে অনুষ্ঠিতব্য স্বল্প মেয়াদী বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণে ইচ্ছুকদের আবেদন করার বিষয়ে ব্যাপক প্রচারের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।